# বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
## সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
## সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) এবং এপিসি হতে পিসি (পুরুষ) পদে পদোন্নতি
## বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সাধারণ আনসার ও এপিসি সদস্যদের নিম্নোক্ত ছক অনুযায়ী পদোন্নতি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

| পদোন্নতি কোর্স | রেঞ্জের নাম | বাছাইয়ের স্থান, তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) | কুমিল্লা | বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৬/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, সোমবার। | |
| | ময়মনসিংহ | | |
| | চট্রগ্রাম | | |
| | খুলনা | বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৭/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, মঙ্গলবার। | |
| | বরিশাল | | |
| | রাজশাহী | | |
| | রংপুর | বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৮/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, বুধবার। | |
| | ঢাকা | | |
| | সিলেট | | |
| এপিসি হতে পিসি (পুরুষ) | ময়মনসিংহ | বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। তারিখ ০৯/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ, সময় ০৯.০০ ঘটিকা, বৃহস্পতিবার। | |
| | সিলেট | | |
| | চট্রগ্রাম | | |
| | কুমিল্লা | | |

**বি দ্রঃ** বাছাইয়ের স্থান, তারিখ ও সময় পরিবর্তন হলে মোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে এবং বাছাইয়ের ক্ষেত্রে বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত স্থান, তারিখ ও সময় চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২। **যোগ্যতাঃ সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) পদোন্নতির ক্ষেত্রেঃ**
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- ০২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত ন্যূনতম বয়স ২৮ বছর এবং সর্বোচ্চ বয়স ৩৫ বছর।
- কমপক্ষে ৫ বছর অঙ্গীভূত সাধারণ আনসার হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৩। **যোগ্যতাঃ এপিসি হতে পিসি (পুরুষ) পদোন্নতির ক্ষেত্রেঃ**
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ।
- ০২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত ন্যূনতম বয়স ৩২ বছর এবং সর্বোচ্চ বয়স ৪০ বছর।
- নূন্যতম ০১ (এক) মেয়াদ এপিসি হিসেবে চাকুরি করার অভিজ্ঞতা থাকতে হবে (প্রমাণপত্রসহ)।

৪। **সাধারণ নির্দেশাবলীঃ**
- যে সকল আনসার/এপিসি সদস্য **রেস্ট, প্যানেল এবং অঙ্গীভুত** অবস্থায় আছেন তাহারা আবেদন করতে পারবেন।
- প্রশিক্ষণ শুরুর দিন হতে অঙ্গীভূত সদস্যগণ অ-অঙ্গীভূত হবেন। তবে প্রশিক্ষণে অংশগ্রহণের পর থেকে এইচআরএম সফটওয়্যারে অংশগ্রহণকারীদের নামের পাশে 'নট ভেরিফাইড' দেখানো হবে।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করা সদস্যগণ এপিসি ও পিসি পদের জন্য স্মার্ট কার্ড প্রাপ্ত হবেন এবং অফারের জন্য প্যানেলভুক্ত হবেন। **প্রশিক্ষণ সমাপ্ত করে এপিসি ও পিসি পদের জন্য প্যানেলভুক্ত হওয়ার ক্ষেত্রে ছয়মাসের বিরতিকাল প্রযোজ্য হবে না।**
- সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যকে প্যানেলভুক্ত করা হবে।

- অঙ্গীভূত থাকাকালীন শৃঙ্খলাজনিত অভিযোগের বিচার কার্যক্রম চলমান থাকলে/শৃঙ্খলাজনিত অভিযোগে শাস্তি প্রাপ্ত হয়ে রেস্ট অবস্থায় থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- শৃঙ্খলাজনিত কারণে **ফ্রিজ** অবস্থায় থাকলে আবেদন করা যাবে না। তবে শৃঙ্খলাজনিত কারণ ব্যতীত অন্য কারণে কোনো সদস্য ফ্রিজ অবস্থায় থাকলে আবেদন করতে পারবেন।
- ব্লক, কালো তালিকাভুক্ত এবং নট ভেরিফাইড অবস্থায় আবেদন করা যাবে না।
- সাধারণ আনসার হতে এপিসি এবং এপিসি হতে পিসি পদোন্নতি প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রশিক্ষণার্থীর নামীয় তালিকা বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
- প্রশিক্ষণের সময় ও স্থান মোবাইল মেসেজের মাধ্যমে জানানো হবে এবং বাহিনীর ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

**৫। অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতিঃ**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট (www.ansarvdp.gov.bd)-এ **সাধারণ আনসার পদোন্নতি কোর্সের জন্য আবেদন (এপিসি/পিসি)** লিংকে ক্লিক করে আবেদন করা যাবে। উক্ত লিংকটি ২৪/০৪/২০২৪ খ্রিষ্টাব্দ হতে ০২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত সক্রিয় থাকবে। রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার শেষ সময় ০২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত এবং আবেদন করার শেষ সময় ০২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি বাবদ অফেরতযোগ্য ২০০ (দুইশত) টাকা অন-লাইনে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে। আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোনো সমস্যা হলে পরামর্শের জন্য ০৯৬৪৩২০৭০০৪ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শন করতে হবে।

**৬। প্রযোজনীয় কাগজপত্র (বাছাইয়ের ক্ষেত্রে)**

(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র
(খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি
(গ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি
(ঘ) অভিজ্ঞতার সনদপত্র
(ঙ) অন-লাইন রেজিস্ট্রেশনের কনফারমেশন ডকুমেন্টের (প্রবেশপত্রের ) মূল কপি
(চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক 'ক থেকে ঙ' পর্যন্ত সকল ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি
(ছ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন সত্যায়িত ছবি

**বিঃ দ্রঃ** বিস্তারিত তথ্যের জন্য জেলা আনসার ভিডিপি কার্যালয়ে যোগাযোগ করুন অথবা ভিজিট করুনঃ www.ansarvdp.gov.bd

**সতর্কীকরণঃ**

- সাহায্য পাওয়ার আশায় কারো সাথে যোগাযোগ করে প্রতারিত হবেন না।
- কোনো সদস্য তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

২২/০৪/২৪

**দেওয়ান মাতলুবুর রহমান**
**পরিচালক (আনসার-প্রশিক্ষণ)**
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।**

**ফ্যাক্সবার্তা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারকনং- ৪৪.০৩.০০০০.০৬১.৩০.০২৫.২৪. ২৮৫

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: **পদোন্নতি কোর্স-সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) এবং এপিসি হতে পিসি (পুরুষ) এর বাছাই বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত প্রাথমিক বাছাইয়ের স্থান, তারিখ ও সময় অনুযায়ী "পদোন্নতি কোর্স- সাধারণ আনসার হতে এপিসি (পুরুষ) এবং এপিসি হতে পিসি (পুরুষ)" এর বাছাই কার্যক্রম সম্পর্কিত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য রেঞ্জ কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয়, জোন কার্যালয়, মহানগর আনসার কার্যালয়, এবং অধিনায়ক, বিমানবন্দর আনসার ফোর্স এর কার্যালয়ে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি:- বিজ্ঞপ্তি ০২(দুই) পাতা।

২৩/৪/২৪

দেওয়ান মাতলুবুর রহমান
বিএডিঃ ১২০০৯৭
পরিচালক (আনসার-প্রশিক্ষণ)
মোবাইল: ০১৭৩০-০৩৮০৩১
ই-মেইলঃ- dir_anstrg@ansarvdp.gov.bd

১। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্ব প্রাপ্ত)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা/ময়মনসিংহ রেঞ্জ।
২। পরিচালক (মহানগর আনসার)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা/চট্টগ্রাম।

স্মারকনং- ৪৪.০৩.০০০০.০৬১.৩০.০২৫.২৪. ২৮৫

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | |
|---|---|
| ১। অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।<br>২। উপমহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশনস্)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।<br>৩। পরিচালক (প্রশাসন/অঙ্গীভূতকরণ /অপারেশন)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ৪। উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিজি]<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৫। জেলা কমান্ড্যান্ট (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ................................।<br>৬। জোন অধিনায়ক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ................................।<br>৭। ওআইসি, ডিএমপি গ্রুপ ডিএমএ।<br>৮। অধিনায়ক, বিমানবন্দর আনসার ফোর্স<br>৯। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)<br>উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়<br>.....................................................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |

১০। অফিস/মাষ্টার কপি।

২৩/৪/২৪

পরিচালক (আনসার-প্রশিক্ষণ)